গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-৩ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাাংলাদেশ সরকার এবং চীনের এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংক (এক্সিম ব্যাংক) মধ্যে 'মোংলা বন্দরের সুবিধাদি সম্প্রসারণ ও আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পের জন্য ২.৪০৪ বিলিয়ন আরএমবি (আনুমানিক ৩৫৯২.৮৯৭৫ কোটি টাকা বা ৩৩৫.৭৮ মিলিয়ন মার্কিন ডলার) মূল্যমানের ঋণচুক্তি স্বাক্ষর।

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত 'মোংলা বন্দরের সুবিধাদি সম্প্রসারণ ও আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ১০ অক্টোবর ২০২৬ তারিখে বাংলাদেশ ও চীনের এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংকের মধ্যে ২.৪০৪ বিলিয়ন আরএমবি (আনুমানিক ৩৫৯২.৮৯৭৫ কোটি টাকা বা ৩৩৫.৭৮ মিলিয়ন মার্কিন ডলার) মূল্যমানের একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যুগ্মসচিব মিজ্ আলিয়া মেহের এবং চীনা এক্সিম ব্যাংকের পক্ষে এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার Ms. Fengjun Tian ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

এই প্রকল্পের মাধ্যমে আধুনিক যন্ত্রপাতিসহ ২টি কন্টেইনার টার্মিনাল, কন্টেইনার ইয়ার্ড, কন্টেইনার ডেলিভারি ইয়ার্ড, কার্গো হ্যান্ডেলিং ইয়ার্ড নির্মাণসহ বন্দরের প্রয়োজনীয় আধুনিকায়ন করা হবে।

স্বাক্ষরিত ঋণচুক্তির আওতায় চীন সরকার এ প্রকল্পের জন্য ২% সুদ হারে নমনীয় ঋণ প্রদান নিশ্চিত করেছে। ঋণ পরিশোধের সময় হবে ০৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ২০ বছর।

মোহাম্মদ আশ্রাফুজ্জামান
উপসচিব